তারিখ 12 APR 2016
পৃষ্ঠা 6 কলাম 7

সংবাদ

# কেশবপুরে বখাটের ছুরিকাঘাতে এইচএসসি পরীক্ষার্থী খুমেকে

প্রতিনিধি, কেশবপুর (যশোর)

যশোরের কেশবপুরে গত রোববার বিকেলে এইচএসসি পরীক্ষা দিতে আসার পথে বখাটের ছুরিকাঘাতে এক ছাত্রী জখম হয়েছে। গুরুতর আহতাবস্থায় তাকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তির পর অবস্থার অবনতি হলে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়েছে। পুলিশ ও এলাকাবাসী জানায়, উপজেলার শ্রীফলা গ্রামের আনছার আলির মেয়ে জাহিদা খাতুন রোববার দুপুরে কেশবপুর পাইলট স্কুল এন্ড কলেজ কেন্দ্রে ইংরেজি দ্বিতীয়পত্র পরীক্ষা দিতে আসছিল। পৌরসভার বালিয়াডাঙ্গা এলাকায় পৌঁছালে বখাটেরা তাকে আটকিয়ে হাত থেকে প্রবেশপত্র কেড়ে নিয়ে যায়। ওই প্রবেশ পত্র উদ্ধার করতে গেলে আলতাপোল এলাকার ওসমান নামের এক যুবক তাকে উপর্যুপরি ছুরিকাঘাত করে পালিয়ে যায়। আহতবস্থায় এলাকাবাসী তাকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। আহত জাহিদার ভাই আনোয়ার হোসেন বলেন, তার বোন কেশবপুর পাইলট স্কুল এন্ড কলেজ কেন্দ্রে পরীক্ষা দিতে যাওয়ার পথে কেন্দ্রের অনতিদূরে বালিয়াডাঙ্গা এলাকায় ছুরিকাঘাতে রক্তাক্ত জখম হয়েছে। আলতাপোল গ্রামের ওসমান নামের এক বখাটে তাকে দীর্ঘদিন ধরে উত্যক্ত করে আসছিল। এ ঘটনায় থানায় মামলা করা হবে। ওই বখাটের কারণে তার পরীক্ষা দেয়া হলো না। হাসপাতালের জরুরি বিভাগে কর্তব্যরত চিকিৎসক ডা. বাবলী দে বলেন, জাহিদার পেটে, পায়ে, হাতে ও পিছনে ছুরির আঘাত রয়েছে। তাকে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেছেন তার আত্মীয়রা। এ ব্যাপারে থানার কর্তব্যরত ডিউটি অফিসার উপপরিদর্শক রাকিব উদ্দিন বলেন, ঘটনাস্থল থেকে একটি মোটরসাইকেল উদ্ধার করা হয়েছে। অভিযোগ হলে মামলা গ্রহণ করা হবে।